

সিডনী'র বাংলা রেডিও

আনিসুর রহমান

সিডনীতে প্রতি সপ্তাহে বেশ কয়েকটি বাংলা রেডিও অনুষ্ঠান নিয়মিত প্রচারিত হয়। যারা এই অনুষ্ঠানগুলি করেন তারা আমাদের চেনা কিন্তু কিভাবে করেন সে সম্পর্কে আমার অন্তত পরিষ্কার ধারণা ছিলনা। ২০০৫ এর ৬ই সেপ্টেম্বর থেকে সিডনীতে একটা নতুন বাংলা রেডিও প্রোগ্রাম শুরু হয়, নাম পরশ মনি। সেইন্ট মেরিস থেকে প্রচারিত এই অনুষ্ঠানটি 100.7 FM ব্যান্ডে শোনা যায় প্রতি মঙ্গলবার রাত ৮টা থেকে ৯টায়। অনুষ্ঠানটি পরিচালনা করেন আমার ঘনিষ্ঠ বন্ধু জিয়া আহমেদ এবং তার স্ত্রী মলি আহমেদ। ঢাকা রেডিও এর সাথে জিয়া আহমেদের সম্পর্ক ছোটবেলায়, খেলাঘর থেকে। পরে রেডিও নাটক এর সাথে যুক্ত ছিলেন অনেক দিন। যে কয়জন উৎসাহী তরুণ সত্তুর দশকে ঢাকা রেডিও থেকে প্রচারিত এবং বিশ্ব সঙ্গীত অনুষ্ঠানটি শুরু করেন জিয়া আহমেদ তাদের একজন। পরে অনেকদিন এ অনুষ্ঠানটি তিনি পরিচালনাও করেছেন। অষ্ট্রেলিয়া এসে কমিউনিটি রেডিওর খবর পাবার



জিয়া ও মলি আহমেদ

সাথে সাথে তিনি এর সাথে সংযুক্ত করেছেন নিজেকে। তাদের রেডিও স্টেশন WOW FM এর কার্যকরী পরিষদের সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন তিনি।

জিয়া আহমেদ এর সাথে বিভিন্ন সময়ে রেডিও প্রোগ্রাম নিয়ে কথা হয়েছে। সিডনী'র কমিউনিটি রেডিও কি এবং সেগুলো কিভাবে চলে সেসব বিস্তারিত তথ্য তার কাছ থেকেই জেনেছি। তাকে বলেছিলাম, আপনারা কিভাবে অনুষ্ঠানগুলি চালান সেটা দেখার জন্য একদিন আপনাদের স্টুডিওতে যাবো। তিনি খুশি মনে আমার প্রস্তাবে সম্মত হয়েছিলেন, কিন্তু যাবো যাবো করে শেষ পর্যন্ত প্রায় পাঁচ বছর পর গত মঙ্গলবার তার স্টুডিওতে গিয়েছিলাম এবং বেশ মজার অভিজ্ঞতা নিয়ে ফিরে এসেছি।



বেতার বাংলার পরিচালক হারুন রশিদ আজাদ এবং রাজিয়া সুলতানা। অনুষ্ঠানটি 98.5 FM এ প্রচারিত হয় রবিবার দুপুর ১২ টায়

সদস্যদের চাঁদা এবং বিভিন্ন স্পন্সরদের সহযোগিতায় পরিচালিত এই স্টেশনগুলি মূলত FM ব্যাণ্ডে অনুষ্ঠান প্রচার করে থাকে। মালটিকালচারাল অস্ট্রেলিয়ায় এই কমিউনিটি রেডিও স্টেশনগুলি খুব অল্প সময়ে বিভিন্ন দেশ থেকে আগত অভিবাসীদের মধ্যে অত্যন্ত জনপ্রিয় হয়ে ওঠে। অস্ট্রেলিয়ায় কমিউনিটি রেডিও সম্পর্কে জানতে চাইলে CBAA এর ওয়েব সাইট <http://www.cbaa.org.au/content.php/2.html> দেখুন।

আমার জানা মতে সিডনির কমিউনিটি রেডিওতে প্রথম বাংলা অনুষ্ঠান প্রচার করেন জনাব মিজানুর রহমান তরুণ, ১৯৯২ সালে। এরপর বিভিন্ন সময়ে যারা সিডনির বিভিন্ন স্টেশন থেকে রেডিও অনুষ্ঠান প্রচার করেছেন বা এখনো করছেন তারা হলেন: হারুন রশিদ আজাদ (বেতার বাংলা), আবু রেজা আরেফিন (রেডিও বাংলা অস্ট্রেলিয়া), রফিকুল হক সাগর (রুপসী বাংলা), লুৎফর রহমান শাওন (অজ বাংলা রেডিও), সালেহ ইবনে রসুল (বাংলাদেশ রেডিও সিডনি), ড. নারগিস বানু (ভয়েস অব বাংলাদেশ), টিটো সোহেল (ক্ষণিকা) এবং জিয়া আহমেদ (পরশ মনি)। বর্তমানে বেতার বাংলা, ভয়েস অব বাংলাদেশ, ক্ষণিকা ও পরশ মনি ছাড়া অন্য অনুষ্ঠানগুলি বন্ধ হয়ে গেছে।



ভয়েস অব বাংলাদেশ এর পরিচালিকা ড. নারগিস বানু। অনুষ্ঠানটি 99.9 FM এ প্রচারিত হয় রবিবার দুপুর ২ টায়।

সিডনির পথে-প্রান্তরে বা গৃহকোনে যেখানেই থাকুন বেতার তরঙ্গে ভেসে আসা বাংলা কণ্ঠ, এবং গানের সুর যেভাবে হৃদয় উতলা করে তা লিখে প্রকাশ করা সহজ নয়।

সরকারী নিয়ন্ত্রনে অস্ট্রেলিয়ায় রেডিও ব্রডকাস্টিং শুরু হয় বিশ শতকের শুরুর দিকে। বিভিন্ন সংগঠন পরিচালিত কমিউনিটি রেডিও চালু হয় আরো অনেক পরে, ৭০ দশকে। Community Broadcasting Association of Australia (CBAA) নামে একটি মূল সংগঠনের ছত্রছায়ায় কেবল NSW

স্টেটেই এখন একশত এর ওপরে কমিউনিটি রেডিও সেন্টার রয়েছে। উৎসাহি